GARHBETA COLLEGE LIBRARY ★ Estd.-1948

Total Pages : 7

B.A./4th Sem (H)/BEN/24(CBCS)

# 2024

## 4th Semester Examination

## BENGALI (Honours)

### Paper : GE 4-T

[CBCS]

Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**(বাংলা গীতিসাহিত্য, শিশুসাহিত্য ও রম্যরচনার ধারা)**

**বিভাগ - ক**

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। রবীন্দ্রনাথের গীতিসাহিত্যের দুটি বৈশিষ্ট্য লেখো।

২। রবীন্দ্রনাথের প্রকৃতিভাবনামূলক যে-কোনো দুটি গানের প্রথম পংক্তিগুলি উদ্ধৃত করো।

৩। কাজী নজরুল ইসলাম রচিত একটি স্বদেশচেতনামূলক গানের প্রথম চারটি পংক্তি উদ্ধৃত করো।

P.T.O.

COLLEGE LIBRARY ... Estd. ... BARHABAT ...

৪। স্বদেশী আন্দোলনের প্রেক্ষিতে রচিত রজনীকান্ত সেনের একটি গানের প্রথম দুটি পংক্তি উল্লেখ করো।

৫। সংক্ষিপ্ত টীকা লেখো — 'গীতিপুঞ্জ'

৬। বাংলা শিশুশিক্ষার ধারায় বিদ্যাসাগর রচিত 'বর্ণ পরিচয়' বইটির যে কোনো দুটি উপযোগিতার উল্লেখ করো।

৭। মদনমোহন তর্কালঙ্কার রচিত শিশুশিক্ষা বিষয়ক বইটির নাম প্রকাশকাল সহ লেখো।

৮। রবীন্দ্রনাথের 'সহজ পাঠ' বইটির প্রকাশকাল লেখো। বইটি কে অলংকরণ করেন?

৯। 'বুড়ো আংলা' কার লেখা? তাঁর লেখা আরও দুটি শিশুসাহিত্য মূলক বইয়ের নাম লেখো।

১০। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার নামটি শিশুসাহিত্য চর্চার ক্ষেত্রে বিশিষ্ট কেন তা অতি সংক্ষেপে লেখো।

১১। 'হুতোম প্যাঁচা' কার ছদ্মনাম ছিল? তাঁর বিখ্যাত রম্যরচনামূলক বইটির নাম লেখো।

১২। প্রমথ চৌধুরীর রম্যরচনামূলক দুটি গদ্যের নাম লেখো।

১৩। 'কালপেঁচা' ছদ্মনামে কে রম্যরচনা লিখেছেন? তাঁর রম্যরচনাধর্মী একটি বইয়ের নাম লেখো।

১৪। মুজতবা আলীর রম্যরচনামূলক দুটি বইয়ের নাম প্রকাশকাল সহ লেখো।

১৫। সঞ্জীব চট্টোপাধ্যায়ের রম্যরচনামূলক দুটি বইয়ের নাম প্রকাশকাল সহ লেখো।

## বিভাগ - খ

যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। বাংলা গীতিসাহিত্যের ধারায় অতুলপ্রসাদ সেনের অবদান সংক্ষেপে আলোচনা করো।

১৭। টীকা লেখো — বাংলা হাসির গানে দ্বিজেন্দ্রলাল রায়।

১৮। বাংলা শিশুসাহিত্যের ধারায় সুকুমার রায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।

১৯। টীকা লেখো — শিশুসাহিত্যিক ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়।

২০। টীকা লেখো — বাংলা রম্যরচনা ও প্রথম চৌধুরীর 'বীরবলী' গদ্য।

২১। বাংলা রম্যরচনার ধারায় সঞ্জীব চট্টোপাধ্যায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ - গ

যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বাংলা গীতিসাহিত্যের ধারায় রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো।

২৩। বাংলা শিশুসাহিত্যের ধারায় বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

২৪। বাংলা শিশুসাহিত্যের ধারায় সত্যজিৎ রায়ের অবদান আলোচনা করো।

২৫। বাংলা রম্যরচনার ধারায় 'কালপেঁচা'র অবদান আলোচনা করো।

---

অথবা

(বাংলা সাহিত্য এবং দার্শনিক, রাজনৈতিক ও সামাজিক চিন্তা)

বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। বাংলাভাষার প্রাচীনতম নিদর্শন কোন্‌টি? সেখানে কোন্‌ ধর্মীয় দর্শন রূপায়িত হয়েছে?

২। রবীন্দ্রনাথের রাজনৈতিক দর্শন প্রতিফলিত হয়েছে এমন দুটি গ্রন্থের নাম লেখো।

৩। বঙ্কিমচন্দ্রের ধর্মচিন্তা প্রতিফলিত হয়েছে এমন দুটি গ্রন্থের নাম লেখো।

৪। বঙ্কিমচন্দ্রের সমাজ ভাবনার প্রতিফলন ঘটেছে এমন একটি উপন্যাসের নাম ও প্রকাশকাল লেখো।

৫। আঞ্চলিক জীবনকে উপজীব্য করে রচিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম লেখো।

৬। কবি জীবনানন্দের দুটি কবিতার নাম লেখো যেখানে মৃত্যুচেতনা প্রকাশিত হয়েছে?

৭। বিদ্যাসাগরের সমাজশিক্ষা বিষয়ক দুটি গ্রন্থের নাম লেখো।

৮। অমিয় চক্রবর্তীর মর্ত্যচেতনামূলক একটি কাব্যগ্রন্থের নাম ও প্রকাশ সাল লেখো।

P.T.O.

৯। রবীন্দ্রনাথের রাজনৈতিক চিন্তার প্রতিফলন ঘটেছে এমন দুটি উপন্যাসের নাম লেখো।

১০। পতিতা নারীর জীবন আলেখ্য নিয়ে লেখা দুটি বাংলা ছোটগল্পের নাম লেখকের নাম সহ লেখো।

১১। সমকালীন রাজনৈতিক চিন্তার প্রকাশ ঘটেছে, সমরেশ বসুর এমন দুটি উপন্যাসের নাম লেখো।

১২। রচয়িতার নাম সহ দুর্ভিক্ষ নিয়ে রচিত একটি বাংলা নাটকের নাম লেখো।

১৩। বিধবা বিবাহ বিষয়ক বিদ্যাসাগরের দুটি বাংলা রচনার নাম লেখো।

১৪। বৌদ্ধ সমাজ-সংস্কৃতির প্রতিফলন ঘটেছে এমন একটি বাংলা উপন্যাসের নাম ও লেখকের নাম লেখো।

১৫। রাজনৈতিক চেতনাসম্পন্ন নজরুল ইসলামের লেখা দুটি কবিতার নাম লেখো।

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও।  ৫×৪=২০

১৬। রবীন্দ্রনাথের জীবনদেবতা তত্ত্বের সংক্ষেপে পর্যালোচনা করো।

১৭। দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের অধ্যাত্ম চেতনার পরিচয় দাও।

১৮। গোপাল হালদারের রাজনৈতিক দর্শন সম্পর্কে আলোচনা করো।

১৯। বিদ্যাসাগরের সমাজভাবনার পরিচয় দাও।

২০। স্বামী বিবেকানন্দের স্বদেশ প্রেম ভাবনার পরিচয় সংক্ষেপে তুলে ধরো।

২১। দ্বিজেন্দ্রলাল রায়ের দেশপ্রেম সম্পর্কে আলোচনা করো।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বঙ্কিমচন্দ্রের সমাজ দর্শন সম্পর্কে আলোচনা করো।

২৩। রবীন্দ্রনাথের নারী ভাবনা সম্পর্কে আলোচনা করো।

২৪। বাংলা সাহিত্য ও বাঙালি সমাজ চিন্তা প্রসঙ্গে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের দৃষ্টিভঙ্গি পর্যালোচনা করো।

২৫। মানিক বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যে প্রতিফলিত রাজনৈতিক দর্শন বিষয়ে লেখো।

---